The Financial Express




Industries Minister Nurul Majid Mahmud Humayun addressing a discussion marking the 'World Accreditation Day-2019' at the Industries Ministry conference room in the city on Sunday

# 71 organisations get accreditation certificates from BAB

Seventy-one national and multinational laboratories and inspection organisations have so far received accreditation certificates from Bangladesh Accreditation Board (BAB) as part of the process to strengthen the country's position in export business, reports BSS.

The information was revealed at a discussion marking the 'World Accreditation Day-2019' at the Industries Ministry conference room in the city on Sunday, said a press release.

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) and BAB jointly organised the discussion. The theme of the day this year is "Accreditation: Adding Value to Supply Chain".

Industries Minister Nurul Majid Mahmud Humayun addressed the function as the chief guest while DCCI President Osama Taseer was present as special guest. Industries Secretary M Abdul Halim was in the chair while BAB Director General Md Monwarul Islam also spoke on the occasion, among others.

Mr. Humayun said accreditation is a certification of goods or services for their quality assessment, based on the international standard which expedites export and import activities across the world creating confidence.

"Accreditation can be an important tool for conformity assessment in this supply chain process worldwide," he added.

He said the present government is an industry-friendly government and the Industries Ministry is committed for country's rapid industrialisation.

He said for sustainable private sector development in the country, his ministry will give policy support to the entrepreneurs.

Osama Taseer said accreditation creates confidence among the parties involved in a supply chain process.

He called for diversification of export items for a sustainable economic development.

Abdul Halim said that besides readymade garments (RMG), other sectors will also get benefits to increase export competitiveness.

"The ministry has formulated leather and SME policies and soon these policies will be placed to the cabinet meeting," he added.

Monwarul Islam said that the World Accreditation Day is being observed in 195 countries in the world.

Accreditation is an international demand and to ensure best quality of products and services. It is an obvious instrument for export competitiveness worldwide, he added.

the daily observer
We stand for people's rights

# 'Accreditation imperative to create confidence in products'

**Business Correspondent**

Industries Minister Nurul Majid Mahmud Humayun, said accreditation is a certification of goods or services based on their experts quality assessment at international standard. It is important to create confidence in the products to expedite their export and import.

He made the observation at a discussion meeting jointly held by Dhaka Chamber of Commerce and Industry (DCCI) and Bangladesh Accreditation Board (BAB) at DCCI board room on the occasion of World Accreditation Day 2019.

The theme of this year is "Accreditation: Adding Value to Supply Chain". Industries Minister Nurul Majid Mahmud Humayun, was present as the chief guest while DCCI President Osama Taseer was present as special guest.

Secretary of Ministry of Industries Md. Abdul Halim chaired the seminar. Director General of Bangladesh Accreditation Board (BAB) Md. Monwarul Islam and other senior officials were present in the meeting.

The Minister said from procurement of raw materials to the finished products at the consumers' level, supply chain plays an important role. Accreditation can be an important tool for conformity assessment in this supply chain worldwide, he said.

He said that the present government is an industry friendly government and the Ministry of Industries is committed for country's rapid industrialisation. He said for sustainable private sector development in the country, his Ministry will give policy support to the entrepreneurs.

DCCI President Osama Taseer said that contribution of international trade in our GDP is 36.5 percent. Bangladesh exports go to about 200 countries in the world. According to Chartered Institute Procurement and Supply 70 percent of a company's expenditure goes for raw materials procurement.

Accreditation creates confidence among the parties involved in a supply chain process, he said. He urged for diversification of exports for a sustainable economic development. Conformity assessment of a product by an accredited laboratory reduces concerns of international importers.

As Bangladesh is going ahead to be a developing country by 2024, it intends to sign bilateral and multilateral free trade agreements with various countries.

Secretary of Ministry of Industries Md. Abdul Halim said that beside RMG, other sectors will also get government benefits to increase export competitiveness. The Ministry has formulated Leather and SME Policies and soon these policies will be placed to the Cabinet meeting.

The Ministry has already formulated an IP policy and a Policy for Informal Sector is also is in consideration. He said that the government is giving facilities to local manufacturers first to ensure their unhindered development.

theindependent

# 71 organisations get accreditation certificates from BAB

**STAFF REPORTER, Dhaka**

Seventy-one national and multinational laboratories and inspection organisations have so far received accreditation certificates from Bangladesh Accreditation Board (BAB) as part of the process to strengthen the country's position in export business.

The information was revealed yesterday at a discussion marking the 'World Accreditation Day-2019' organized jointly by Dhaka Chamber of Commerce and Industry (DCCI) and BAB at the Industries Ministry conference room in the capital said a press statement.

The theme of the day this year is "Accreditation: Adding Value to Supply Chain".

Industries Minister Nurul Majid Mahmud Humayun addressed the function as the chief guest while DCCI President Osama Taseer was present as special guest. Industries Secretary M Abdul Halim was in the chair while BAB Director General Md Monwarul Islam also spoke on the occasion, among others.

Nurul Majid Mahmud Humayun said accreditation is a certification of goods or services for their quality assessment, based on the international standard which expedites export and import activities across the world creating confidence.

"Accreditation can be an important tool for conformity assessment in this supply chain process worldwide," he added.

He said the present government is an industry-friendly government and the Industries Ministry is committed for country's rapid industrialisation.

He said for sustainable private sector development in the country, his ministry will give policy support to the entrepreneurs.

Osama Taseer said accreditation creates confidence among the parties involved in a supply chain process.

NEW AGE
THE OUTSPOKEN DAILY

# 71 organisations get accreditation certificates from BAB

**Bangladesh Sangbad Sangstha** · Dhaka

SEVENTY-one national and multinational laboratories and inspection organisations have so far received accreditation certificates from Bangladesh Accreditation Board (BAB) as part of the process to strengthen the country's position in export business.

The information was revealed on Sunday at a discussion marking the 'World Accreditation Day-2019' at the Industries Ministry conference room in the city, said a press release.

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) and BAB jointly organised the discussion. The theme of the day this year is 'Accreditation: Adding Value to Supply Chain'.

Industries minister Nurul Majid Mahmud Humayun addressed the function as the chief guest while DCCI president Osama Taseer was present as special guest. Industries secretary M Abdul Halim was in the chair while BAB director general Md Monwarul Islam also spoke on the occasion, among

*Continued on B2 Col. 1*

others.

Nurul Majid Mahmud Humayun said that accreditation was a certification of goods or services for their quality assessment, based on the international standard which expedites export and import activities across the world creating confidence.

'Accreditation can be an important tool for conformity assessment in this supply chain process worldwide,' he added.

He said that the present government was an industry-friendly government and the Industries Ministry was committed for country's rapid industrialisation.

He said that for sustainable private sector development in the country, his ministry would give policy support to the entrepreneurs.

Osama Taseer said that accreditation created confidence among the parties involved in a supply chain process.

He called for diversification of export items for a sustainable economic development.

Abdul Halim said that besides readymade garments (RMG), other sectors would also get benefits to increase export competitiveness.

'The ministry has formulated leather and SME policies and soon these policies will be placed to the cabinet meeting,' he added.

Monwarul Islam said that the World Accreditation Day was being observed in 195 countries in the world.

Accreditation is an international demand and to ensure best quality of products and services. It is an obvious instrument for export competitiveness worldwide, he added.

daily sun
TRUE & IMPARTIAL

# 'Accreditation can be an important tool for conformity assessment'

**Staff Correspondent**

**Industries** Minister Nurul Majid Mahmud Humayun on Sunday said that accreditation is a certification of goods and services for their quality assessment, based on international standard which expedites export and import activities across the world creating confidence.

He also said that from procurement of raw materials to the finished products at the consumers' level, supply chain plays an important role.

Industries Minister made the remarks while addressing as the chief guest at a discussion meeting on the occasion of World Accreditation Day 2019 at the conference room of Industries Ministry on Sunday.

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) and Bangladesh Accreditation Board (BAB) jointly organised the event with theme of this year is "Accreditation: Adding Value to Supply Chain".

DCCI President Osama Taseer was present as special guest and Industries Ministry Secretary Md. Abdul Halim chaired the event. Accreditation can be an important tool for conformity assessment in this supply chain process worldwide, Industries Minister Nurul Majid Mahmud Humayun said.

He said that the present government is an industry friendly government and the Ministry of Industries is committed for country's rapid industrialisation.

Nurul Majid Mahmud Humayun said for sustainable private sector development in the country, his Ministry will give policy support to the entrepreneurs.

DCCI President Osama Taseer said that contribution of international trade in our GDP is 36.5 percent.

Bangladesh exports to about 200 countries in the world. According to The Chartered Institute Procurement and Supply 70 percent of a company's expenditure goes for raw materials procurement.

Accreditation creates confidence among the parties involved in a supply chain process, he said.

He urged for diversification of export items for a sustainable economic development. Conformity assessment of a product by a accredited laboratory reduces concerns of international importers. As Bangladesh progresses to be a developed country by the year 2024, Bangladesh intends to sign bilateral and multilateral free trade agreements with various countries.

Secretary of Ministry of Industries Md. Abdul Halim said that beside RMG, other sectors will also get benefits to increase export competitiveness.

The Ministry has formulated of Leather and SME Policies and soon these policies will be placed to the Cabinet meeting.

The Ministry has already formulated a IP policy and Policy for Informal Sector is also is in consideration, he informed. He said that we have to give facilities to our local manufacturers first.

Director General of Bangladesh Accreditation Board (BAB) Md. Monwarul Islam said that the World Accreditation Day is being observed in 195 countries in the world. Accreditation is an international demand and to ensure best quality of product and services and it becomes an obvious instrument for export competitiveness worldwide.




Industries Minister Nurul Majid Mahmud Humayun speaks at a seminar on 'World Accreditation Day-2019' at the conference room of the ministry in the capital on Sunday.

THE ASIAN AGE
your access to information

# 71 organizations get accreditation certificates from BAB

**AA Business Desk**

Seventy-one national and multinational laboratories and inspection organizations have so far received accreditation certificates from Bangladesh Accreditation Board (BAB) as part of the process to strengthen the country's position in export business.

The information was revealed yesterday at a discussion marking the 'World Accreditation Day-2019' at the Industries Ministry conference room in the city, said a press release, reports BSS.

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) and BAB jointly organized the discussion. The theme of the day this year is "Accreditation: Adding Value to Supply Chain".

Industries Minister Nurul Majid Mahmud Humayun addressed the function as the chief guest while DCCI President Osama Taseer was present as special guest. Industries Secretary M Abdul Halim was in the chair while BAB Director General Md Monwarul Islam also spoke on the occasion, among others.

Nurul Majid Mahmud Humayun said accreditation is a certification of goods or services for their quality assessment, based on the international standard which expedites export and import activities across the world creating confidence.

"Accreditation can be an important tool for conformity assessment in this supply chain process worldwide," he added.

He said the present government is an industry-friendly government and the Industries Ministry is committed for country's rapid industrialization.

He said for sustainable private sector development in the country, his ministry will give policy support to the entrepreneurs.

Osama Taseer said accreditation creates confidence among the parties involved in a supply chain process.

He called for diversification of export items for a sustainable economic development.

Abdul Halim said that besides readymade garments (RMG), other sectors will also get benefits to increase export competitiveness.

"The ministry has formulated leather and SME policies and soon these policies will be placed to the cabinet meeting," he added.

Monwarul Islam said that the World Accreditation Day is being observed in 195 countries in the world.

Accreditation is an international demand and to ensure best quality of products and services. It is an obvious instrument for export competitiveness worldwide, he added.



**Industries Minister Nurul Majid Mahmud Humayun speaks at a discussion marking the 'World Accreditation Day-2019' at the Industries Ministry conference room yesterday. -AA**

অকপটে প্রকাশের দুরন্ত সাহস
সমকাল

### অ্যাক্রেডিটেশন দিবসের অনুষ্ঠানে শিল্পমন্ত্রী

# প্রকৃত অর্থেই ওয়ান স্টপ সেবা নিশ্চিত করা হবে

■ সমকাল প্রতিবেদক

স্থানীয় উদ্যোক্তাদের বিনিয়োগে আকৃষ্ট করতে বিদেশি উদ্যোক্তাদের মতো একই সুবিধা দেওয়া হবে বলে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেছেন, স্থানীয় বিনিয়োগ বৃদ্ধির জন্য প্রকৃত অর্থেই 'ওয়ান স্টপ সার্ভিস' নিশ্চিত করা হবে। তৈরি পোশাকের পাশাপাশি চামড়া, প্লাস্টিক, হালকা প্রকৌশলসহ উদীয়মান শিল্প খাতে কর সুবিধা দিতে জাতীয় রাজস্ব বোর্ডে সুপারিশ পাঠিয়েছে শিল্প মন্ত্রণালয়।

বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস উদযাপন উপলক্ষে গতকাল এসব কথা বলেন শিল্পমন্ত্রী। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) এ সভার আয়োজন করে। সভায় বলা হয়, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির ফলে বিএবি এ পর্যন্ত ৭১টি দেশি-বিদেশি ল্যাবরেটরি, সনদ প্রদানকারী প্রতিষ্ঠান ও পরিদর্শন সংস্থাকে অ্যাক্রেডিটেশন সনদ দিয়েছে। দিবসের এবারের মূল প্রতিপাদ্য ছিল, অ্যাক্রেডিটেশন : সাপ্লাই চেইনে মূল্য সংযোজন করে। ১৯৫টি দেশে একযোগে এ দিবস উদযাপন করা হয়েছে।

শিল্প সচিব মো. আবদুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা চেম্বারের সভাপতি ওসামা তাসীর। অনুষ্ঠানে বহুজাতিক ও দেশীয় ক্যাটাগরিতে দুটি টেস্টিং ল্যাবরেটরি এবং একটি পরিদর্শন সংস্থার প্রতিনিধির হাতে বিএবির অ্যাক্রেডিটেশন সনদ তুলে দেন শিল্পমন্ত্রী। অ্যাক্রেডিটেশন সনদ পেয়েছে জার্মানি ভিত্তিক টেক্সটাইল টেস্টিং ল্যাবরেটরি হোহেন্সটেইন ল্যাবরেটরিজ, রূপপুর পারমাণবিক মেগা প্রকল্পে ব্যবহৃত নির্মাণসামগ্রীর মান টেস্টিং ল্যাবরেটরি ম্যাক্স ইনফ্রাস্ট্রাকচার ও পরিদর্শন প্রতিষ্ঠান ন্যাশনাল টেস্টিং, ক্যালিব্রেশন অ্যান্ড ইন্সপেকশন সার্ভিসেস (এনটিসিএল)।

এর আগে সকালে বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। শিল্প সচিবের নেতৃত্বে র‍্যালিটি মতিঝিলের শিল্প ভবন চত্বর থেকে রাজধানীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শিল্প মন্ত্রণালয়ে এসে শেষ হয়।

বণিকবার্তা
সমৃদ্ধির সহযাত্রী

### বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবসের আলোচনায় বক্তারা

# বাণিজ্য সম্প্রসারণে অবদান রাখে অ্যাক্রেডিটেশন

**বাংলাদেশের জিডিপিতে আন্তর্জাতিক বাণিজ্যের অবদান ৩৬ দশমিক ৫০ শতাংশ এবং প্রায় ২০০টি দেশে বাংলাদেশের পণ্য রফতানি হয় ও ১২০টির বেশি দেশ থেকে বাংলাদেশ পণ্য আমদানি করে**

**অ্যাক্রেডিটেশন সনদ দেশীয় বাজারের পাশাপাশি বহির্বিশ্বে পণ্যের বাজার সম্প্রসারণে কার্যকর ভূমিকা পালন করে**

**নিজস্ব প্রতিবেদক ■**

অ্যাক্রেডিটেশন হলো পণ্য ও সেবার গুণগত মানসনদের আন্তর্জাতিক গ্রহণযোগ্যতার স্বীকৃতি। বিশ্বব্যাপী স্বীকৃত এ পদ্ধতি আমদানি-রফতানি বাণিজ্য গতিশীল করার পাশাপাশি আন্তর্জাতিক বাণিজ্য সম্প্রসারণে ইতিবাচক অবদান রাখে। গতকাল বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস-২০১৯ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় এ মত প্রকাশ করেছেন বক্তারা।

শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস উপলক্ষে আয়োজিত 'অ্যাক্রেডিটেশন: সাপ্লাই চেইনে মূল্য সংযোজন করে' শীর্ষক আলোচনা সভাটি যৌথভাবে আয়োজন করে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) ও ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। বিশেষ অতিথি ছিলেন ডিসিসিআই সভাপতি ওসামা তাসীর। আলোচনা সভায় সভাপতিত্ব করেন শিল্প মন্ত্রণালয়ের সচিব মো. আবদুল হালিম।

আন্তর্জাতিক বাণিজ্য সম্প্রসারণে অ্যাক্রেডিটেশন ইতিবাচক অবদান রেখে থাকে, এমন মত প্রকাশ করে শিল্পমন্ত্রী বলেন, 'পণ্যের কাঁচামাল থেকে শুরু করে ভোক্তা পর্যায়ে সরবরাহ পর্যন্ত সার্বিক সাপ্লাই চেইনেও অ্যাক্রেডিটেশনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আশা করছি, বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস-২০১৯ উদযাপনের মাধ্যমে বাংলাদেশে উৎপাদিত পণ্য এবং সেবার গুণগত মান নিশ্চিতকল্পে শিল্প-কারখানার মালিক ও সেবাদানকারী প্রতিষ্ঠানগুলো সাপ্লাই চেইনের গুণগত মানোন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বর্তমান সরকার শিল্প ও ব্যবসাবান্ধব সরকার এবং দেশে দ্রুত শিল্পায়ন নিশ্চিতকরণের জন্য বদ্ধপরিকর।' তিনি দেশীয় শিল্পের বিকাশে শিল্প মন্ত্রণালয়ের পক্ষ থেকে উদ্যোক্তাদের সব ধরনের সহযোগিতা প্রদানেরও আশ্বাস দেন।

সভায় বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ডের মহাপরিচালক মো. মনোয়ারুল ইসলাম জানান, বিশ্বের ১৯৫টি দেশে আজ (গতকাল রোববার) একযোগে বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস পালিত হচ্ছে। যেকোনো পণ্য উৎপাদন, বিপণন ও সংরক্ষণে আন্তর্জাতিক মান নিয়ন্ত্রণে অ্যাক্রেডিটেশন সনদ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ডিসিসিআই সভাপতি ওসামা তাসীর বলেন, অ্যাক্রেডিটেশনের মাধ্যমে আন্তর্জাতিক বাণিজ্যে উদ্বেগ নিরসন ও মান নিয়ন্ত্রণের বিষয়টি নিশ্চিত হয় এবং অ্যাক্রেডিটেশনের মাধ্যমে বাংলাদেশ অন্যান্য প্রধান রফতানি পণ্যকে আন্তর্জাতিক মানে উন্নীত করে রফতানি বহুমুখীকরণের পথে এগিয়ে যেতে পারে।

তিনি আরো বলেন, বাংলাদেশের জিডিপিতে আন্তর্জাতিক বাণিজ্যের অবদান ৩৬ দশমিক ৫০ শতাংশ এবং প্রায় ২০০টি দেশে বাংলাদেশের পণ্য রফতানি হয় ও ১২০টির বেশি দেশ থেকে বাংলাদেশ পণ্য আমদানি করে। দ্য চার্টার্ড ইনস্টিটিউট অব প্রকিউরমেন্ট অ্যান্ড সাপ্লাইয়ের তথ্য অনুসারে, একটি কোম্পানির মোট ব্যয়ের ৭০ শতাংশ পর্যন্ত কাঁচামাল আহরণে ব্যয় হয়ে থাকে, যেজন্য প্রতিযোগিতায় টিকে থাকতে সুষ্ঠু ও দক্ষ সাপ্লাই চেইন নিশ্চিত করা একান্ত জরুরি।

শিল্প মন্ত্রণালয়ের সচিব মো. আবদুল হালিম বলেন, অ্যাক্রেডিটেশন সনদ দেশীয় বাজারের পাশাপাশি বহির্বিশ্বে পণ্যের বাজার সম্প্রসারণে কার্যকর ভূমিকা পালন করে। বিএবির কার্যক্রম জনগণের মধ্যে আরো ছড়িয়ে দেয়া এবং এ বিষয়ে জনসচেতনতা বাড়ানোর ওপর জোরারোপ করে শিল্প সচিব বলেন, দেশে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে চামড়া ও এসএমই নীতিমালার অনুমোদন পাওয়া গেছে এবং চূড়ান্ত অনুমোদনের জন্য নীতিমালাগুলো শিগগিরই মন্ত্রিসভায় উপস্থাপন করা হবে। শিল্প মন্ত্রণালয়ের পক্ষ থেকে এরই মধ্যে আইপি নীতিমালা খসড়া প্রস্তুত করা হয়েছে এবং দেশের অনানুষ্ঠানিক খাতের বিকাশের জন্য প্রয়োজনীয় নীতিমালা প্রণয়নের লক্ষ্যে মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে।



নয়া দিগন্ত

# বিএবি এ যাবৎ ৭১টি প্রতিষ্ঠানকে অ্যাক্রেডিটেশন সনদ দিয়েছে

● অর্থনৈতিক প্রতিবেদক

প্রতিষ্ঠার পর থেকে ৭১টি দেশী-বিদেশী ল্যাবরেটরি, সনদ প্রদানকারী প্রতিষ্ঠান ও পরিদর্শন সংস্থাকে অ্যাক্রেডিটেশন সনদ দিয়েছে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)। এর মধ্যে রয়েছে ৬২টি দেশীয় এবং বহুজাতিক টেস্টিং ও ক্যালিব্রেশন ল্যাবরেটরি, ২টি মেডিক্যাল ল্যাবরেটরি, ২টি ইন্সপেকশন ও ৫টি সনদ প্রদানকারী সংস্থা। বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে গতকাল বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) আয়োজিত আলোচনা সভায় এ তথ্য জানানো হয়।

শিল্প মন্ত্রণালয়ে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি। শিল্পসচিব মো: আবদুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি ওসামা তাসীর। বক্তব্য রাখেন বিএবির মহাপরিচালক মো: মনোয়ারুল ইসলাম, রূপপুর পারমাণবিক মেগা প্রকল্পে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর মান টেস্টিং ল্যাবরেটরি ম্যাক্স ইনফ্রাস্ট্রাকচার লিমিটেডের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার গোলাম মোহাম্মদ আলমগীর এবং জার্মানভিত্তিক টেক্সটাইল টেস্টিং ল্যাবরেটরি হোহেন্সটেইন ল্যাবরেটরিজ বাংলাদেশ লিমিটেডের মহাব্যবস্থাপক জনি ইয়াসমিন কান্তা।

প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী বলেন, বর্তমান সরকার ব্যবসা ও শিল্পবান্ধব সরকার। ব্যবসায়ী ও শিল্প উদ্যোক্তাদের সুবিধার্থে সরকার ইতোমধ্যে অনেক উদ্যোগ বাস্তবায়ন করেছে। ফলে দেশে ক্রমেই বেসরকারি খাতের বিকাশ ঘটছে। বেসরকারি খাতের টেকসই বিকাশে শিল্প মন্ত্রণালয় প্রয়োজনীয় নীতি সহায়তা প্রদান অব্যাহত রেখেছে। ভবিষ্যতেও এ ধরনের প্রয়াস অব্যাহত থাকবে। গুণগতমান বলতে আন্তর্জাতিক মানকে বোঝায় উল্লেখ করে তিনি পণ্য ও সেবা রফতানির লক্ষ্য অর্জনে দেশীয় পণ্যের গুণগতমান আন্তর্জাতিক মানে উন্নীত করার তাগিদ দেন। এ ক্ষেত্রে অ্যাক্রেডিটেশন একটি কার্যকর হাতিয়ার হিসেবে ভূমিকা পালন করতে পারে বলে তিনি মন্তব্য করেন।

নূরুল মজিদ মাহমুদ বলেন, শিল্পায়নের মাধ্যমে উন্নত বাংলাদেশ গড়তে বর্তমান সরকার অগ্রাধিকারভিত্তিতে কাজ করছে। শিল্প খাতে বিদেশী বিনিয়োগের পাশাপাশি দেশীয় বিনিয়োগ বৃদ্ধির জন্য প্রকৃত অর্থেই 'ওয়ান স্টপ সার্ভিস' নিশ্চিত করা হবে। দেশীয় উদ্যোক্তাদের বিনিয়োগে আকৃষ্ট করতে বিদেশী বিনিয়োগকারীদের মতো একই সুবিধা দেয়া হবে। তৈরী পোশাকের পাশাপাশি চামড়া, প্লাস্টিক, হালকা প্রকৌশলসহ উদীয়মান শিল্প খাতগুলোতে কর সুবিধা দিতে শিল্প মন্ত্রণালয় ইতোমধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে সুপারিশ প্রেরণ করেছে বলে তিনি জানান।

## বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস পালন

অনুষ্ঠানে বক্তারা বলেন, উন্নত বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্য অর্জনে ২০৩০ সাল নাগাদ জিডিপিতে শিল্প খাতের অবদান ৪০ শতাংশে উন্নীত করতে হবে। এ লক্ষ্যে দেশীয় পণ্যের মানের ক্ষেত্রে ব্যাপক উন্নতি ঘটাতে হবে। তারা বিএবির প্রাতিষ্ঠানিক পরিচিতি বৃদ্ধির পাশাপাশি দেশীয় মানসম্মত পণ্যের প্রচারে ইতিবাচক ভূমিকা পালনের জন্য গণমাধ্যমসহ সংশ্লিষ্ট সবার দৃষ্টি আকর্ষণ করেন। মানের ক্ষেত্রে দেশী কিংবা বিদেশী তফাৎ করার কোনো সুযোগ নেই উল্লেখ করে তারা যেকোনো পণ্য উৎপাদনে আন্তর্জাতিক মানের বিষয়টি চিন্তায় রাখার পরামর্শ দেন। তারা নির্ধারিত কোনো সেক্টরের পরিবর্তে সম্ভাবনাময় সব খাতের জন্যই আসন্ন বাজেটে সমান সুযোগ রেখে আর্থিক নীতি গ্রহণের সুপারিশ করেন।

অনুষ্ঠানে শিল্পমন্ত্রী বহুজাতিক ও দেশীয় ক্যাটাগরিতে দু'টি টেস্টিং ল্যাবরেটরি এবং একটি পরিদর্শন সংস্থার প্রতিনিধির হাতে বিএবির অ্যাক্রেডিটেশন সনদ তুলে দেন। অ্যাক্রেডিটেশন সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলো হচ্ছে- জার্মানভিত্তিক টেক্সটাইল টেস্টিং ল্যাবরেটরি হোহেন্সটেইন ল্যাবরেটরিজ বাংলাদেশ লিমিটেড, দেশের রূপপুর পারমাণবিক মেগা প্রকল্পে ব্যবহৃত নির্মাণসামগ্রীর মান টেস্টিং ল্যাবরেটরি ম্যাক্স ইনফ্রাস্ট্রাকচার লিমিটেড ও দেশীয় পরিদর্শন প্রতিষ্ঠান ন্যাশনাল টেস্টিং, ক্যালিব্রেশন অ্যান্ড ইন্সপেকশন সার্ভিসেস লিমিটেড (এনটিসিএল)।

এর আগে সকালে বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়। শিল্প সচিবের নেতৃত্বে এটি মতিঝিলে অবস্থিত শিল্প ভবন চত্বর থেকে শুরু হয়ে রাজধানীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শিল্প মন্ত্রণালয়ে এসে শেষ হয়। এতে শিল্প মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন করপোরেশন ও সংস্থার কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন সরকারি-বেসরকারি ল্যাবরেটরিতে কর্মরত ব্যবস্থাপক, টেকনিশিয়ানসহ সংশ্লিষ্ট অংশীজনরা অংশ নেন।

কালের কণ্ঠ

# বিএবির অ্যাক্রেডিটেশন সনদ পেল ৭১ প্রতিষ্ঠান

নিজস্ব প্রতিবেদক ▷

প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির ফলে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) এরই মধ্যে ৭১টি দেশি-বিদেশি ল্যাবরেটরি, সনদ প্রদানকারী প্রতিষ্ঠান ও পরিদর্শন সংস্থাকে অ্যাক্রেডিটেশন সনদ প্রদানে সক্ষম হয়েছে। এর মধ্যে ৬২টি দেশীয় এবং বহুজাতিক টেস্টিং ও ক্যালিব্রেশন ল্যাবরেটরি, দুটি মেডিক্যাল ল্যাবরেটরি, দুটি ইন্সপেকশন ও পাঁচটি সনদ প্রদানকারী সংস্থা রয়েছে। বর্তমান সরকারের নীতি সহায়তার ফলে বিএবির পরিচিতি দেশের গণ্ডি পেরিয়ে এশিয়া অঞ্চলসহ আন্তর্জাতিক পরিমণ্ডলে ছড়িয়ে পড়েছে।

বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে বিএবি আয়োজিত আলোচনায়সভায় গতকাল এ তথ্য জানানো হয়। শিল্প মন্ত্রণালয়ে আয়োজিত এ অনুষ্ঠানে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন প্রধান অতিথি ছিলেন।

শিল্পসচিব মো. আবদুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি ওসামা তাসীর। এতে বিএবির মহাপরিচালক মো. মনোয়ারুল ইসলাম, রূপপুর পারমাণবিক মেগা প্রকল্পে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর মান টেস্টিং ল্যাবরেটরি ম্যাক্স ইনফ্রাস্ট্রাকচারের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার গোলাম মোহাম্মাদ আলমগীর এবং জার্মানভিত্তিক টেক্সটাইল টেস্টিং ল্যাবরেটরি হোহেন্সটেইন ল্যাবরেটরিজ বাংলাদেশের মহাব্যবস্থাপক জনি ইয়াসমিন কান্তা বক্তব্য দেন।

প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী বলেন, 'বর্তমান সরকার ব্যবসা ও শিল্পবান্ধব। ব্যবসায়ী ও শিল্প উদ্যোক্তাদের সুবিধার্থে সরকার এরই মধ্যে অনেক উদ্যোগ বাস্তবায়ন করেছে। এর ফলে দেশে ক্রমেই বেসরকারি খাতের বিকাশ ঘটছে। বেসরকারি খাতের টেকসই বিকাশে শিল্প মন্ত্রণালয় প্রয়োজনীয় নীতি সহায়তা প্রদান অব্যাহত রেখেছে। ভবিষ্যতেও এ ধরনের প্রয়াস অব্যাহত থাকবে।'

অনুষ্ঠানে বক্তারা বলেন, উন্নত বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে অর্জনে ২০৩০ সাল নাগাদ জিডিপিতে শিল্প খাতের অবদান ৪০ শতাংশে উন্নীত করতে হবে। এ লক্ষ্যে দেশীয় পণ্যের মানের ক্ষেত্রে ব্যাপক উন্নতি ঘটাতে হবে। তাঁরা বিএবির প্রাতিষ্ঠানিক পরিচিতি বৃদ্ধির পাশাপাশি দেশীয় মানসম্মত পণ্যের প্রচারে ইতিবাচক ভূমিকা পালনের জন্য গণমাধ্যমসহ সংশ্লিষ্ট সবার দৃষ্টি আকর্ষণ করেন।